Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

# DU in Media

১৪ অগ্রহায়ণ ১৪৩১

29 November 2024

## আলোকিত বাংলাদেশ



# ঢাবি ক্যাম্পাসে প্রথমবারের মতো শাটল বাস সার্ভিস চালু

● ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য প্রথমবারের মতো ক্যাম্পাসে শাটল বাস সার্ভিস চালু হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গতকাল বৃহস্পতিবার এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই সার্ভিস উদ্বোধন করেন। পরীক্ষামূলকভাবে আগামী ৩ মাসের জন্য এই সার্ভিস চালুর সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

এ ছাড়া, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক মিসেস রাশেদা ইরশাদ নাসির, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির আহ্বায়ক ড. আব্দুল্লাহ্-আল-মামুন, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুনসী শামস উদ্দিন আহম্মদ ও একজন শিক্ষার্থী প্রতিনিধি অনুষ্ঠানে বক্তব্য রাখেন। পরিবহন ম্যানেজার মো. কামরুল হাসান অনুষ্ঠান সঞ্চালন করেন। এ সময় বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভিন্ন অফিসের প্রধান ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, সীমিত সামর্থ্য সত্ত্বেও শিক্ষার্থীদের অভ্যন্তরীণ চলাচলের সুবিধার্থে শাটল বাস সার্ভিস চালু করা হলো। এই কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট সবাইকে তিনি আন্তরিক অভিনন্দন জানান। এই সার্ভিস যথাযথভাবে তত্ত্বাবধান, রক্ষণাবেক্ষণ ও সঠিকভাবে নিয়ন্ত্রণের উপর গুরুত্বারোপ করে তিনি বলেন, এক্ষেত্রে শিক্ষার্থীসহ সবাইকে নিজ নিজ অবস্থান থেকে ভূমিকা পালন করতে হবে। উপাচার্য শাটল বাসের বিকল্প হিসেবে ক্যাম্পাসে অন্য কোনো যানবাহন ব্যবহার না করার যৌক্তিকতা শিক্ষার্থীদের সামনে তুলে ধরেন।

উল্লেখ্য, ৩টি নন এসি মিনিবাস সকাল ৭টা থেকে রাত ৯টা পর্যন্ত চক্রাকারে ক্যাম্পাসের ৩টি রুটে চলাচল করবে। রুটগুলো হলো ১. কবি সুফিয়া কামাল হল-অমর একুশে হল-শহীদুল্লাহ হল-কার্জন হল-মোকাররম ভবন-সাইন্সএনেক্স ভবন-টিএসসি-কলাভবন-মলচত্বর-নীলক্ষেত মোড় ২. নীলক্ষেত মোড়-মলচত্বর-বিজনেস ফ্যাকাল্টি-লেকচার থিয়েটার ভবন-মধুর ক্যান্টিন-কেন্দ্রীয় লাইব্রেরি-চারুকলা-টিএসসি-পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট-কার্জন হল-কবি সুফিয়া কামাল হল এবং ৩. কবি সুফিয়া কামাল হল-অমর একুশে হল-শহীদুল্লাহ হল-কার্জন হল-মোকাররম ভবন-সাইন্সএনেক্স ভবন-জগন্নাথ হল-এসএম হল-ফুলার রোড-মলচত্বর-নীলক্ষেত মোড়।

## জনকণ্ঠ

# ঢাবি ক্যাম্পাসে শাটল বাস সার্ভিস উদ্বোধন

**জনকণ্ঠ ডেস্ক ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) শিক্ষার্থীদের জন্য প্রথমবারের মতো ক্যাম্পাসে শাটল বাস সার্ভিস চালু হয়েছে। বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই সার্ভিস উদ্বোধন করেন। পরীক্ষামূলকভাবে আগামী ৩ মাস এই সার্ভিস চালু থাকবে। শিক্ষার্থীদের ফিডব্যাক আলোকে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।

উল্লেখ্য, ৩টি নন-এসি মিনিবাস সকাল ৭টা থেকে রাত ৯টা পর্যন্ত চক্রাকারে ক্যাম্পাসের ৩টি রুটে চলাচল করবে। রুটগুলো হলো ১. কবি সুফিয়া কামাল হল-অমর একুশে হল-শহীদুল্লাহ হল-কার্জন হল-মোকাররম ভবন-সাইন্সএনেক্স ভবন-টিএসসি-কলাভবন-মলচত্বর-নীলক্ষেত মোড় ২. নীলক্ষেত মোড়-মলচত্বর-বিজনেস ফ্যাকাল্টি-লেকচার থিয়েটার ভবন-মধুর ক্যান্টিন-কেন্দ্রীয় লাইব্রেরি-চারুকলা-টিএসসি-পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট- কার্জন হল-কবি সুফিয়া কামাল হল এবং ৩. কবি সুফিয়া কামাল হল-অমর একুশে হল-শহীদুল্লাহ হল-কার্জন হল-মোকাররম ভবন-সাইন্সএনেক্স ভবন-জগন্নাথ হল-এসএম হল-ফুলার রোড-মলচত্বর-নীলক্ষেত মোড়।

**ঢাবিতে ভর্তি হতে ৩ লাখ ৩০ হাজার আবেদন ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্ডারগ্রাজুয়েট ভর্তি প্রোগ্রামের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের অনলাইন ভর্তি আবেদন প্রক্রিয়ার মেয়াদ শেষ হয়েছে বুধবার রাত ১১টা ৫৯ মিনিটে। এবার সবকটি ইউনিটে মোট আবেদন জমা পড়েছে ৩ লাখ ২৯ হাজার ৪৩৮টি। বৃহস্পতিবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের অনলাইন ভর্তি অফিসের প্রধান অধ্যাপক মোস্তাফিজুর রহমান বিষয়টি নিশ্চিত করেছেন।

# The Daily Sun



Dhaka University Vice-Chancellor Prof Dr Niaz Ahmed Khan inaugurates shuttle bus service for the students at a programme in front of the university's Nabab Nawab Ali Chowdhury Senate Bhaban on Thursday. -DAILY SUN PHOTO

## DU launches shuttle bus service for students

**Daily Sun Report,** *Dhaka*

The Dhaka University authorities launched shuttle bus service on the campus for the first time to assist students in their campus transportation needs.

Three non-AC minibuses will operate on campus routes from 7am to 9pm, providing round-trip transportation for students within the campus area.

DU Vice-Chancellor Prof Dr Niaz Ahmed Khan inaugurated the bus service at a programme in front of the university's Nabab Nawab Ali Chowdhury Senate Bhaban on Thursday.

Seeking cooperation from students, the VC said, "This is a small positive step. We could not do more with our limited capacity. It costs Tk9,000 per day. We are running this as a pilot project. If we see positive results and changes, we will expand the facility."

DU Pro Vice-Chancellor (admin) Prof Dr Sayema Haque Bidisha said, "We have many restrictions from the administration's perspective. We are trying to meet the demands of the students. We will continue this trend in the future."

However, the introduction of the shuttle bus service on the campus excited the students.

A student named Khalid Hasan said, "This will contribute a lot to our safe campus. The number of rickshaws on campus will

>> Page-2 Col 1

### DU lunches

From Page-3

decrease. Also, unwanted incidents will also decline."

Another student named Tahsin Alam said that this move will prevent students from being harassed by rickshaw pullers, saving them both time and money.

Proctor Dr Saifuddin Ahmed, Registrar Munsi Shams Uddin Ahmed, Provost Standing Committee Convener Prof Dr Abdullah Al Mamun and others were also present at the event.

# The New Age

## DU introduces shuttle bus service on campus

**DU Correspondent**

DHAKA University on Thursday introduced a shuttle bus service for its students for the first time on the campus.

The university vice-chancellor, professor Niaz Ahmed Khan, inaugurated the service as the chief guest at a special event.

The service is launched on a trial basis for the next three months. Three un-air-conditioned minibuses will operate on three routes on the campus, running from 7:00am to 9:00pm daily.

During the inauguration, vice-chancellor Niaz Ahmed Khan stated that despite limited resources, the shuttle bus service was introduced to facilitate students' campus transport.

Emphasising the importance of proper supervision, maintenance, and management of the service, he urged everyone, including students, to contribute from their respective positions.

He further said that this was a small but positive step.

'The service will cost Tk 9,000 per day. We are going to begin this journey, and we seek everyone's cooperation,' he said.

The pro-vice-chancellor for administrative affairs, professor Sayema Haque Bidisha, was present as a special guest at the inauguration ceremony.

Professor Rasheda Irshad Nasir, Dean of the Faculty of Social Sciences; associate professor Saifuddin Ahmed, DU proctor Dr Abdullah Al Mamun, convener of the Provost Standing Committee, acting registrar Munshi Shams Uddin Ahmed, and a student representative also addressed the event.

## কালের কণ্ঠ

# ঢাবিতে শাটল বাস সার্ভিস চালু

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য প্রথমবারের মতো ক্যাম্পাসে শাটল বাস সার্ভিস চালু হয়েছে। বিশ্ববিদ্যালয়টির উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গতকাল বৃহস্পতিবার এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই সার্ভিস উদ্বোধন করেন। পরীক্ষামূলকভাবে তিন মাসের জন্য এই সার্ভিস চালুর সিদ্ধান্ত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, সীমিত সামর্থ্য সত্ত্বেও শিক্ষার্থীদের অভ্যন্তরীণ চলাচলের সুবিধার্থে শাটল বাস সার্ভিস চালু করা হলো। এই কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট সবাইকে তিনি আন্তরিক অভিনন্দন জানান। সার্ভিস যথাযথভাবে তত্ত্বাবধান, রক্ষণাবেক্ষণ ও সঠিকভাবে নিয়ন্ত্রণের ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, এ ক্ষেত্রে শিক্ষার্থীসহ সবাইকে নিজ নিজ অবস্থান থেকে ভূমিকা পালন করতে হবে। উপাচার্য শাটল বাসের বিকল্প হিসেবে ক্যাম্পাসে অন্য কোনো যানবাহন ব্যবহার না করার যৌক্তিকতা শিক্ষার্থীদের সামনে তুলে ধরেন।



গতকাল বৃহস্পতিবার ঢাবি ক্যাম্পাসে শাটল বাস সার্ভিস উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমদ খান। ছবি : কালের কণ্ঠ

## ইনকিলাব

# ঢাবি ক্যাম্পাসে বহুল প্রতীক্ষিত শাটল বাস চালু

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে প্রথমবারের মতো চালু হলো শাটল বাস সার্ভিস। এর মাধ্যমে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে রিকশা চালকদের দৌরাত্ম্য কমবে বলে আশা করছেন শিক্ষার্থীরা। দীর্ঘদিন ধরে ক্যাম্পাসে অতিরিক্ত রিকশা ভাড়া গুনতে হয়েছে শিক্ষার্থীদের। তাই স্বাভাবিকভাবেই শিক্ষার্থীরা রিকশার বিকল্প কিছু খুঁজছিলেন বহুদিন ধরে। অবশেষে শিক্ষার্থীদের বহুল প্রতীক্ষিত এ বিকল্প সার্ভিস চালু করেছে বিশ্ববিদ্যালয়ের নতুন প্রশাসন।

গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনের সম্মুখে বাস সার্ভিস উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. নিয়াজ আহমেদ খান।

এসময় ভিসি বলেন, এটা একটা ছোট ইতিবাচক পদক্ষেপ। আমাদের সীমিত সামর্থ্যে এর চেয়ে বেশি কিছু করার সামর্থ্য ছিল না। এর পেছনে প্রতিদিন ৯ হাজার টাকা খরচ হবে। সবাইকে মিলে আমরা একটা যাত্রা শুরু করলাম। আমরা সবার কাছে সহযোগিতা কামনা করছি।

বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি ড. সায়মা হক বিদিশা বলেন, প্রশাসনের দিক থেকে আমাদের অনেক সীমাবদ্ধতা আছে। আমরা চেষ্টা করছি ছেলেমেয়েদের যে দাবি-দাওয়াগুলো আছে সেগুলো পূরণ করার। ভবিষ্যতে আমরা এ ধারা অব্যাহত রাখব। শাটল বাস সার্ভিস চালুতে উচ্ছাস প্রকাশ করেছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। এসময় খালিদ হাসান নামে এক শিক্ষার্থী বলেন, আমাদের নিরাপদ ক্যাম্পাসের জন্য এটা অনেক অবদান রাখবে। ক্যাম্পাসে রিকশার পরিমাণ কমবে। অনাকাঙ্ক্ষিত ঘটনা কমবে। প্রশাসন আমাদের দাবি গুলো মেনে নেওয়ায় প্রশাসনকে ধন্যবাদ।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. সাইফুদ্দিন আহমেদ খান, রেজিস্ট্রার মুনসি শামস উদ্দিন আহম্মদ, প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির আহ্বায়ক প্রফেসর ড. আব্দুল্লাহ আল মামুন প্রমুখ।

# নয়া দিগন্ত

## ঢাবি ক্যাম্পাসে শাটল বাস সার্ভিস চালু

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) শিক্ষার্থীদের জন্য প্রথমবারের মতো ক্যাম্পাসে শাটল বাস সার্ভিস চালু হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গতকাল বৃহস্পতিবার এক অনুষ্ঠানে প্রধান অতিথি থেকে এই সার্ভিস উদ্বোধন করেন। পরীক্ষামূলকভাবে আগামী তিন মাসের জন্য এই সার্ভিস চালুর সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন। এ ছাড়া সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক রাশেদা ইরশাদ নাসির, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির আহ্বায়ক ড. আবদুল্লাহ-আল-মামুন, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুনসী শামস উদ্দিন আহম্মদ ও একজন শিক্ষার্থী প্রতিনিধি অনুষ্ঠানে বক্তব্য রাখেন। পরিবহন ম্যানেজার মো: কামরুল হাসান অনুষ্ঠান সঞ্চালন করেন। এ সময় বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভিন্ন অফিসের প্রধানে ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

ভিসি অধ্যাপক ড: নিয়াজ আহমদ খান বলেন, সীমিত সামর্থ্য সত্ত্বেও শিক্ষার্থীদের অভ্যন্তরীণ চলাচলের সুবিধার্থে শাটল বাস সার্ভিস চালু করা হলো। এ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সবাইকে তিনি আন্তরিক অভিনন্দন জানান।

উল্লেখ্য, তিনটি নন এসি মিনিবাস সকাল ৭টা থেকে রাত ৯টা পর্যন্ত চক্রাকারে ক্যাম্পাসের তিনটি রুটে চলাচল করবে। রুটগুলো হলো ১. কবি সুফিয়া কামাল হল-অমর একুশে হল-শহীদুল্লাহ হল-কার্জন হল-মোকাররম ভবন-সাইন্সএনেক্স ভবন-টিএসসি-কলাভবন-মলচত্বর-নীলক্ষেত মোড় ২. নীলক্ষেত মোড়-মলচত্বর-বিজনেস ফ্যাকাল্টি-লেকচার থিয়েটার ভবন-মধুর ক্যান্টিন-কেন্দ্রীয় লাইব্রেরি-চারুকলা-টিএসসি-পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট-কার্জন হল-কবি সুফিয়া কামাল হল এবং ৩. কবি সুফিয়া কামাল হল-অমর একুশে হল-শহীদুল্লাহ হল-কার্জন হল-মোকাররম ভবন-সাইন্সএনেক্স ভবন-জগন্নাথ হল-এস এম হল-ফুলার রোড-মলচত্বর-নীলক্ষেত মোড়। বিজ্ঞপ্তি।

# আজকের পত্রিকা

## ঢাবি ক্যাম্পাসে শাটল বাস চালু

শিক্ষার্থীদের জন্য শাটল বাস সার্ভিস চালু করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি)। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গতকাল এই সার্ভিস উদ্বোধন করেন। পরীক্ষামূলকভাবে আগামী ৩ মাসের জন্য এ সার্ভিস চালুর সিদ্ধান্ত নিয়েছে প্রশাসন। বিশ্ববিদ্যালয় প্রশাসন জানিয়েছে, তিনটি নন-এসি মিনিবাস সকাল ৭টা থেকে রাত ৯টা পর্যন্ত চক্রাকারে ক্যাম্পাসের তিনটি রুটে চলাচল করবে।

• ঢাবি প্রতিনিধি

# আমাদের সময়

## ঢাবিতে শাটল বাস চালু

ঢাবি প্রতিবেদক ●

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) শিক্ষার্থীদের জন্য প্রথমবারের মতো চালু হয়েছে শাটল বাস সার্ভিস। পরীক্ষামূলকভাবে আগামী ৩ মাসের জন্য এই বাস চালুর সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। গতকাল বৃহস্পতিবার ঢাবি উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এই সার্ভিসের উদ্বোধন করেন। ঢাবি কর্তৃপক্ষ জানিয়েছে, তিনটি নন এসি মিনিবাস সকাল ৭টা থেকে রাত ৯টা পর্যন্ত চক্রাকারে ক্যাম্পাসের তিনটি রুটে চলাচল করবে। ড. নিয়াজ আহমদ খান বলেন, সীমিত সামর্থ্য সত্ত্বেও শিক্ষার্থীদের অভ্যন্তরীণ চলাচলের সুবিধার্থে শাটল বাস সার্ভিস চালু করা হলো। এই সার্ভিস যথাযথভাবে তত্ত্বাবধান, রক্ষণাবেক্ষণ ও সঠিকভাবে নিয়ন্ত্রণের ক্ষেত্রে সবাইকে নিজ নিজ অবস্থান থেকে ভূমিকা পালন করতে হবে।

# দেশ রুপান্তর

## ঢাবিতে প্রথমবারের মতো শাটল বাস সার্ভিস চালু

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) শিক্ষার্থীদের জন্য প্রথমবারের মতো ক্যাম্পাসে শাটল বাস সার্ভিস চালু হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ সার্ভিস উদ্বোধন করেন। পরীক্ষামূলকভাবে আগামী তিন মাসের জন্য এ সার্ভিস চালুর সিদ্ধান্ত হয়েছে।

ঢাবির প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা উদ্বোধন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এ ছাড়া, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক রাশেদা ইরশাদ নাসির, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির আহ্বায়ক ড. আব্দুল্লাহ-আল-মামুন, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুনসী শামস উদ্দিন আহম্মদ ও একজন শিক্ষার্থী প্রতিনিধি অনুষ্ঠানে বক্তব্য দেন। পরিবহন ম্যানেজার মো. কামরুল হাসান অনুষ্ঠান সঞ্চালন করেন। এ সময় বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভিন্ন অফিসের প্রধান ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, 'সীমিত সামর্থ্য সত্ত্বেও শিক্ষার্থীদের অভ্যন্তরীণ চলাচলের সুবিধার্থে শাটল বাস সার্ভিস চালু করা হলো।' এই কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট সবাইকে তিনি আন্তরিক অভিনন্দন জানান।

# নয়া দিগন্ত



ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে আলোচনা সভায় বক্তব্য রাখেন ভিসি ড. নিয়াজ আহমদ খান ■ নয়া দিগন্ত

## বৈষম্যবিরোধী আন্দোলন ও জুলাই গণ-অভ্যুত্থান নিয়ে ঢাবিতে আলোচনা সভা

বৈষম্যবিরোধী আন্দোলনে শহীদ ও আহতদের স্মরণে এবং জুলাই গণ-অভ্যুত্থানের ঘটনাপ্রবাহ নিয়ে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে এক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। ভারপ্রাপ্ত ■ ৪র্থ পৃ: ৪-এর কলামে

## বৈষম্যবিরোধী আন্দোলন ও জুলাই গণ-অভ্যুত্থান

৩য় পৃষ্ঠার পর

রেজিস্ট্রার মুনসী শামস উদ্দিন আহম্মদ আলোচনা সভা সঞ্চালন করেন। এ সময় বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বৈষম্যবিরোধী আন্দোলনে শহীদ ও আহতদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়। শহীদদের রুহের মাগফিরাত ও আহতদের দ্রুত সুস্থতার জন্য মুনাজাত করা হয়।

# দৈনিক বর্তমান



বৈষম্যবিরোধী আন্দোলনে শহীদ ও আহতদের স্মরণে এবং জুলাই গণঅভ্যুত্থানের ঘটনা প্রবাহ নিয়ে বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে এক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন -বর্তমান

## জুলাই গণঅভ্যুত্থানের ঘটনা প্রবাহ নিয়ে ঢাবিতে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

ঢাবি প্রতিনিধি

বৈষম্যবিরোধী আন্দোলনে শহীদ ও আহতদের স্মরণে এবং জুলাই গণঅভ্যুত্থানের ঘটনা প্রবাহ নিয়ে বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে এক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুনসী শামস উদ্দিন আহম্মদ আলোচনা সভা সঞ্চালন করেন। এসময় বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বৈষম্য বিরোধী আন্দোলনে শহীদ ও আহতদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়। শহীদদের রুহের মাগফেরাত ও আহতদের দ্রুত সুস্থতার জন্য মোনাজাত করা হয়।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, অনেক মানুষের আত্মত্যাগের বিনিময়ে আমরা এই এরপর পৃষ্ঠা ৭ কলাম ২

নতুন বাংলাদেশ পেয়েছি। তাদের ঋণ ও অবদান স্মরণে রেখে দেশকে সামনে এগিয়ে নিতে হবে। এখনও গুরুতর আহত অনেকে বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। তাদের সহযোগিতায় সকলকে সম্মিলিতভাবে এগিয়ে আসতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসন গণঅভ্যুত্থানকে উপজীব্য করে যুক্তরাষ্ট্রের স্বনামধন্য বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সঙ্গে যৌথ গবেষণামূলক কার্যক্রম পরিচালনার উদ্যোগ গ্রহণ করেছে। গণঅভ্যুত্থানকে কেন্দ্র করে বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ডের আইনগত দিক খতিয়ে দেখা এবং এ বিষয়ে জাতিসংঘের তথ্যানুসন্ধান দলকে সহযোগিতা করতে বিশ্ববিদ্যালয়ের একটি বিশেষজ্ঞ কমিটি কাজ করছে বলেও তিনি উল্লেখ করেন। প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা বলেন, ন্যায্যতার ভিত্তিতে বৈষম্যহীন বাংলাদেশ গড়তে তরুণ প্রজন্মকে কার্যকর ভূমিকা পালন করতে হবে।

আলোচনা সভা শেষে সংগীত বিভাগের চেয়ারপার্সন ড. প্রিয়াংকা গোপের তত্ত্বাবধানে সাংস্কৃতিক অনুষ্ঠানে বিভাগের শিক্ষক, শিক্ষার্থী ও শিল্পীরা সংগীত পরিবেশন করেন।

# The Daily Observer

## DU VC reminds of debt to martyrs, injured of July Uprising

**DU Correspondent**

Dhaka University (DU) Vice-Chancellor Prof Niaz Ahmed Khan on Thursday emphasised the importance of remembering the debt owed to the martyrs and the injured of the July Uprising.

Speaking at a memorial event at the university's Teacher-Student Centre (TSC), he urged everyone to fulfill their responsibilities while keeping the sacrifices of the uprising in mind.

Prof Khan highlighted the ongoing sufferings of those affected by the uprising, stating, "Many people are still suffering in hospitals from the wounds of that movement. Whenever I get the chance, I visit them and witness firsthand the extent of their sacrifices."

The event, organised by DU, included a discussion on the history and significance of the July Uprising, followed by a cultural programme in remembrance of the martyrs and the wounded.

DU Pro-Vice Chancellor (Admin) Prof Sayema Haque Bidisha announced plans to establish a "July Corner" or museum on campus to honour the martyrs.

She said, "We aim to keep the memory of the July Uprising alive through academic engagement, including seminars and discussions."

The programme also included prayers for the martyrs and a screening of videos depicting the heroism of those involved in the uprising.

## আজকের পত্রিকা

### কিউএস এশিয়ায় ১১২তম ঢাবি

যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা ও গবেষণা সংস্থা কোয়াককোয়ারেলি সায়মন্ডসের (কিউএস) এশিয়া ইউনিভার্সিটি র‍্যাঙ্কিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অবস্থান ১১২তম। গত বছর অবস্থান ছিল ১৪০তম। সে হিসাবে ২৮ ধাপ এগিয়েছে বিশ্ববিদ্যালয়টি। তবে র‍্যাঙ্কিংয়ে দেশের বিশ্ববিদ্যালয়গুলোর শীর্ষে রয়েছে ঢাবি। এশিয়ার সেরা ৯৮৪টি বিশ্ববিদ্যালয়ের শীর্ষ স্থানে রয়েছে চীনের পিকিং ইউনিভার্সিটি (বেইজিং)। দ্বিতীয় অবস্থানে রয়েছে দ্য ইউনিভার্সিটি অব হংকং।

• ঢাবি প্রতিনিধি

## আমাদের সময়

### কিউএস এশিয়া র‍্যাংকিংয়ে দেশসেরা ঢাবি

ঢাবি প্রতিবেদক ●
যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা ও গবেষণা সংস্থা কোয়াককোয়ারেলি সায়মন্ডসের (কিউএস) এশিয়া ইউনিভার্সিটি র‍্যাংকিংয়ে বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে শীর্ষস্থান অধিকার করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি)। এশিয়ার বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ঢাবির অবস্থান ১১২তম। গত বছর এ অবস্থান ছিল ১৪০তম। সে হিসাবে এবারের র‍্যাংকিংয়ে ২৮ ধাপ এগিয়েছে বিশ্ববিদ্যালয়টি।

দেশের হয়ে এ তালিকার শীর্ষ ২০০ প্রতিষ্ঠানের মধ্য রয়েছে আরও দুটি বিশ্ববিদ্যালয়। এগুলো হচ্ছে- নর্থসাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)। বিশ্ববিদ্যালয় দুটির অবস্থান যথাক্রমে ১৫৫তম ও ১৫৮তম। গত ৬ নভেম্বর এশিয়ার সেরা বিশ্ববিদ্যালয়ের তালিকা প্রকাশ ■ এরপর পৃষ্ঠা ৯, কলাম ৪

### কিউএস এশিয়া র‍্যাংকিংয়ে দেশ

(শেষ পৃষ্ঠার পর) করেছে কিউএস। প্রতি বছর নভেম্বর মাসের শুরুতে এ তালিকা প্রকাশ করা হয়। এশিয়ার সেরা ৯৮৪টি বিশ্ববিদ্যালয়ের তালিকায় শীর্ষস্থানে রয়েছে চীনের পিকিং ইউনিভার্সিটি (বেইজিং)। তালিকায় দ্বিতীয় অবস্থানে রয়েছে দ্য ইউনিভার্সিটি অব হংকং।

এ র‍্যাংকিং প্রধানত ১১টি সূচকের ওপর ভিত্তি করে তৈরি করা হয়েছে। এর মধ্যে একাডেমিক কার্যক্রম, পিএইচডিধারীর সংখ্যা ও আন্তর্জাতিক শিক্ষার্থীদের সংখ্যা বিবেচনা করা হয়েছে।

কিউএস কয়েকটি মানদণ্ডের ভিত্তিতে পৃথিবীর বিশ্ববিদ্যালয়গুলোর বার্ষিক একটি র‍্যাংকিং প্রকাশ করে। বিশ্ববিদ্যালয়গুলোর গবেষণা, উদ্ভাবন, চাকরিতে স্নাতকদের কর্মক্ষমতা, প্রাতিষ্ঠানিক সাফল্য, শিক্ষক ও শিক্ষার্থীদের সাফল্য, আন্তর্জাতিক গবেষণা নেটওয়ার্ক, গবেষণা প্রবন্ধের সাইটেশন, পিএইচডি ডিগ্রিধারী শিক্ষক-কর্মকর্তাদের সংখ্যা, আন্তর্জাতিক শিক্ষক ও শিক্ষার্থীদের অনুপাত, আন্তর্জাতিক পর্যায়ে শিক্ষার্থী বিনিময়ের হার বিবেচনা করে এ তালিকা তৈরি করা হয়।